

3 SEM TDC BNLH (CBCS) C 5

2 0 2 0

(Held in April–May, 2021)

BENGALI

(Core)

Paper : C–5

(নাটক, নাট্যসাহিত্যের রূপভেদ ও বাংলা নাটক)

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(নাটক ও নাট্যসাহিত্যের রূপভেদ)

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

- (ক) নাট্যসাহিত্যের আদিমতম রূপ কোথায় পাওয়া যায় ?
(খ) কোন্ উৎসব থেকে কমেডির উৎপত্তি হয়েছে ?
(গ) হেরাসিম লেবেদফ-এর একটি বাংলা নাটকের নাম লেখ।
(ঘ) কোন্ দেবতার পূজা-সঙ্গীত থেকে ট্রাজেডির উৎপত্তি ?
(ঙ) ঐতিহাসিক নাটকের প্রধান উপাদান কী ?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $8 \times 2 = 8$

- (ক) নাটকের সাধারণ লক্ষণগুলির একটি পরিচয় দাও।
(খ) উদাহরণ সহযোগে বাংলা পৌরাণিক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
(গ) একাঙ্ক নাটক সম্পর্কে আলোচনা কর।

৩। উত্তর দাও : 8

- (ক) বাংলা নাটকের উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাস পর্যালোচনা কর।

অথবা

- (খ) ট্রাজেডি ও কমেডির বিষয়ে একটি তুলনামূলক আলোচনা তুলে ধর।

দ্বিতীয় একক

(নাট্য আন্দোলন এবং বাংলা রঙ্গমঞ্চ)

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

- (ক) ভারতীয় গণনাট্য সংঘ (IPTA) কবে প্রতিষ্ঠিত হয় ?
(খ) নবনাট্য আন্দোলনের ক্ষেত্রে স্মরণীয় একজন বাঙালি নাট্যকারের নাম উল্লেখ কর।
(গ) হেরাসিম লেবেদফ-এর উদ্যোগে কোন্ রঙ্গমঞ্চ বা থিয়েটারের জন্ম হয় ?

(3)

- (ঘ) কত সালে ভারতে ‘নাট্যাভিনয় নিয়ন্ত্রণ আইন’ বলবৎ করা হয় ?
- (ঙ) কোন্ নাটকের অভিনয় দিয়ে ন্যাশনাল থিয়েটারের সূচনা হয়েছিল ?

৫। উত্তর দাও : ৪×২=৮

- (ক) নবনাট্য আন্দোলন বলতে কী বোঝায়? কেমন নাটককে নবনাট্যের নাটক বলা হবে, উদাহরণ দিয়ে সংক্ষেপে বুঝিয়ে দাও।
- (খ) তোমার পাঠ্য যে কোনো দুটি থিয়েটারের বিষয় নিয়ে একটি টীকা প্রস্তুত কর।

৬। উত্তর দাও (যে কোনো একটি) : ৮

- (ক) গণনাট্য ও নবনাট্য আন্দোলনের ফলে বাংলার রঙ্গমঞ্চে যে ধরনের পরিবর্তন এসেছিল সে সম্পর্কে তোমার মতামত তুলে ধর।
- (খ) বঙ্গ রঙ্গমঞ্চে ইতিহাসে বিদেশী রঙ্গালয় বা থিয়েটারের অবদান কতটুকু, আলোচনা কর।

তৃতীয় একক

(নির্বাচিত বাংলা নাটক পাঠ)

৭। অতি সংক্ষেপে উত্তর দাও: ১×৮=৮

- (ক) ‘শর্মিষ্ঠা’ নাটকটি কত সালে রচিত হয়েছিল ?

(4)

- (খ) ‘রিজিয়া’ নামে ইংরেজি নাটকটি মধুসূদন কোন্ ছন্দে লিখেছিলেন ?

- (গ) ‘শর্মিষ্ঠা’ নাটকের সঙ্গে ভাবের মিল থাকা কালিদাসের একটি নাটকের নাম লেখ।

- (ঘ) দেবযানী কে ?

- (ঙ) রবীন্দ্রনাথের ‘মুক্তধারা’ নাটকটি কী ধরনের নাটক ?

- (চ) যুবরাজ অভিজিৎকে কোথা থেকে কুড়িয়ে পাওয়া গেছে ?

- (ছ) “যন্ত্রের জেরে দেবতার পদ নিজেই নেব এই কথা প্রমাণ করবার ভার আমার উপর।” বক্তা কে ?

- (জ) “মুক্তধারার শ্রোত তাঁকে নিয়ে গেল, আমরা তাঁকে পেলুম না।” এখানে কার কথা বলা হয়েছে ?

৮। উত্তর দাও :

- (ক) “এই ত আমার মনস্কামনা পূর্ণ হলো! হে রাজন, এখন আশীর্বাদ করি যে তোমরা সকলে দীর্ঘজীবী হয়ে এইরূপ পরম সুখে কালযাপন কর।” উক্তিটি কার ? কী প্রসঙ্গে উক্তিটি করেছেন তা সংক্ষেপে বিশ্লেষণ কর। ৪

অথবা

- ‘শর্মিষ্ঠা’ নাটক অবলম্বনে যযাতি চরিত্রটি সংক্ষেপে তুলে ধর।

(খ) “কী নিয়ে মহোৎসব? বিশ্বের সকল তৃষিতের জন্যে দেবদেবের কমণ্ডলু যে জলধারা ঢেলে দিচ্ছেন সেই মুক্ত জলকে তোমরা বন্ধ করলে কেন?” কে, কাকে, কোন্ প্রসঙ্গে উক্তিটি করেছেন? সংক্ষেপে বিশ্লেষণ কর। ৪

অথবা

‘মুক্তধারা’ নাটক অবলম্বনে যন্ত্ররাজ বিভূতি চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

৯। “শর্মিষ্ঠা নাটকের কাহিনী ‘মহাভারত’-এর আদিপর্ব থেকে গৃহীত। কিন্তু মধুসূদন মহাভারতীয় কাহিনীকে যথাযথভাবে অনুসরণ করেননি। তিনি নাটকের প্রয়োজন অনুসারে কাহিনীকে স্বাধীনভাবে গঠন করে নিয়েছেন, ...।” সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে নাটকটির অনুকরণে কতদূর প্রতিফলিত হয়েছে তার যথার্থতা বিচার কর। ১২

অথবা

“শর্মিষ্ঠা অপেক্ষা দেবযানী চরিত্রই ‘শর্মিষ্ঠা’ নাটকের নায়িকা পদবাচ্য হওয়ার দাবী রাখে।” উক্তিটি কতদূর যুক্তিসঙ্গত তা বিশ্লেষণ কর।

১০। “যন্ত্র ও জীবনের সংঘাতই ‘মুক্তধারা’ নাটকের মুখ্য প্রাণবস্তু।” আলোচনা তুলে ধর। ১২

অথবা

‘মুক্তধারা’ নাটক অবলম্বনে যুবরাজ অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ কর।

★ ★ ★